যুগান্তর

24 JAN 2017

# সোনারগাঁয়ে প্রধান শিক্ষককে পেটাল ইউপি সদস্য

## অফিস কক্ষে তালা

**স্টাফ রিপোর্টার,** *সোনারগাঁ*

বিদ্যালয় পরিচালনা কমিটির নির্বাচন কেন্দ করে নারায়ণগঞ্জের সোনারগাঁ উপজেলার বিষ্ণাদী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ইউপি মেম্বারের নেতৃত্বে যুবলীগ নামধারী সন্ত্রাসীরা হামলা চালিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ সময় তারা ওই স্কুলের প্রধান শিক্ষককে পিটিয়ে আহত করার পর অফিস কক্ষে তালা ঝুলিয়ে দিয়েছেন। এ ঘটনায় ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকরা সোনারগাঁ উপজেলা শিক্ষা কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ করেছেন।

অভিযোগে বলা হয়েছে, বিষ্ণাদী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২৫ জানুয়ারি বিদ্যালয় পরিচালনা কমিটির নির্বাচন হবে। নির্বাচন নিয়ে আওয়ামী লীগের স্থানীয় দু'টি গ্রুপের ইন্ধনে অভিভাবকরা দুই ভাগে বিভক্ত হয়ে পড়েন। সোমবার সকালে একটি পক্ষ বিদ্যালয় চলাকালীন প্রধান শিক্ষক খোরশেদ আলমকে নির্বাচন বন্ধ করতে চাপ দেয়। এতে তিনি রাজি না হওয়ায় স্থানীয় যুবলীগ নেতা নুরুল ইসলাম মেম্বার, জিয়াউর রহমান, শাহজালালের নেতৃত্বে ৮-১০ জন দেশীয় অস্ত্রে সজ্জিত হয়ে বিদ্যালয়ে হামলা চালান। এ সময় হামলাকারীরা প্রধান শিক্ষক খোরশেদ আলমকে পিটিয়ে আহত করে তার কক্ষে তালা ঝুলিয়ে দেন।

বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা মনিরা সুলতানা ও শাহিনা আক্তার সাংবাদিকদের জানান, নির্বাচন বন্ধ করার জন্য বিদ্যালয় চলাকালীন প্রধান শিক্ষককে মারধর করে অফিস কক্ষে তালা ঝুলিয়ে দেয় স্থানীয় কয়েকজন সন্ত্রাসী। হামলাকারীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান তিনি। খোরশেদ আলম বলেন, বিদ্যালয় পরিচালনা কমিটির নির্বাচন বন্ধ করতে স্থানীয় ইউপি সদস্য নুরুল ইসলামসহ কয়েকজন তাকে অব্যাহতভাবে চাপ প্রয়োগ করতে থাকেন। তিনি নির্বাচন বন্ধ করতে রাজি না হওয়ায় সম্পূর্ণ পরিকল্পিতভাবে তাকে মারধর করে অফিস কক্ষে তালা ঝুলিয়ে দেয় নুরুল ইসলাম ও তার ভাড়াটিয়া সন্ত্রাসীরা।